58

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 4 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠক

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল রবিবার আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠকে বলিয়াছেন, জাতীয় সংসদে পেশকৃত ১৯৯৯-২০০০ অর্থ বৎসরের জাতীয় বাজেট আমাদের গ্রামীণ অর্থনীতির উন্নয়ন ও দেশীয় শিল্পের বিকাশকে ত্বরান্বিত করিবে। প্রধানমন্ত্রী প্রস্তাবিত বাজেটকে জনকল্যাণমূলক বাজেট নামে অভিহিত করিয়া বলেন, এই বাজেট কেবল দেশের আর্থসামাজিক উন্নয়নেই ভূমিকা রাখিবে না, জনসংখ্যার অর্ধেক মহিলা সমাজের ক্ষমতায়নের বিষয় আরও ব্যাপক করিবে।

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সংসদীয় দলের সভানেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সংসদ ভবনের কমিটি কক্ষে অনুষ্ঠিত এই বৈঠকে অন্যান্যের মধ্যে অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া, শিক্ষামন্ত্রী এ এইচ কে সাদেক, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর প্রমুখ বক্তব্য রাখেন। গতকালের বৈঠকে দলীয় সদস্য আব্দুল কাদের সিদ্দিকী (বীর উত্তম), আব্দুল লতিফ সিদ্দিকী ও মহিবুর রহমান মানিক উপস্থিত ছিলেন না বলিয়া জানা গিয়াছে।

প্রধানমন্ত্রী তাহার ভাষণে দলীয় এমপিদের হোম ওয়ার্কের মাধ্যমে প্রস্তুতি লইয়া সংসদের বাজেট বক্তৃতায় অংশগ্রহণের আহ্বান জানাইয়া বলেন, চলতি অর্থ বৎসরের (১৯৯৮-৯৯) সন্তোষজনক প্রবৃদ্ধির হারের উল্লেখ করিয়া, একটি ভয়াবহ বন্যার পরও ইহা সম্ভব হইয়াছে জনগণের আন্তরিকতা ও কঠিন পরিশ্রমের ফলে। কৃষিক্ষেত্রে সরকারের সঠিক গুরুত্ব প্রদানের উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, সরকারের সময়মত পদক্ষেপ, পর্যাপ্ত পরিমাণ কৃষিঋণ প্রদান এবং কৃষিজীবী জনগণের পরিশ্রমের ফলেই আমরা আল্লাহর রহমতে কৃষিক্ষেত্রে বাম্পার ফলনসহ এই প্রবৃদ্ধি অর্জন করিতে সম্ভব হইয়াছি।

অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া বলেন, প্রস্তাবিত বাজেটে প্রধানতঃ দারিদ্র্য বিমোচনকে অধিক গুরুত্ব দেওয়া হইয়াছে। পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর এবারও ৫ দশমিক ২ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের সমালোচনাকারীদের উদ্দেশে চ্যালেঞ্জ প্রদান করিয়া বলেন, আমরা যেকোন পর্যায়ে এই প্রবৃদ্ধি প্রমাণ করিতে পারিব।

পূর্বাহ্নে দলীয় এমপি শামীম ওসমান, এম এইচ আকবর, আনিসুল হক চৌধুরী, আ,ন,ম ফিরোজ ও আখতারুজ্জামানের স্কুল-কলেজ-মাদ্রাসা এমপিওভুক্ত করণের প্রশ্নে ক্ষোভ প্রকাশ করিলে শিক্ষামন্ত্রী এ এইচ কে সাদেক বলেন, পর্যায়ক্রমে প্রতিটি থানায় শিক্ষা প্রতিষ্ঠানগুলি যেগুলি এমপিওভুক্ত হয় নাই সেগুলি এমপিওভুক্ত করা হইবে।